# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 04 April, 2025

ব্যাংককে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মধ্যকার অনুষ্ঠিত বৈঠকটি অত্যন্ত গঠনমূলক, কার্যকর ও ফলপ্রসূ হয়েছে বলে জানিয়েছেন প্রেস সচিব শফিকুল আলম।

তিনি বলেন, দুই দেশের সরকারপ্রধান পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট সব বিষয় নিয়ে কথাবার্তা বলেছেন।

বিমসটেকের আমূল পরিবর্তনে তিনটি শূন্যের বিশ্ব গড়তে চায় বাংলাদেশ

প্রেস সচিব জানান, পারস্পরিক আলোচনায় প্রধান উপদেষ্টা গণঅভ্যুত্থানের মুখে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যর্পণ, ভারতে বসে শেখ হাসিনার উসকানিমূলক কথাবার্তা, সীমান্ত হত্যা, দুই দেশের মধ্যে গঙ্গা ও তিস্তা পানি চুক্তি নিয়ে কথা বলেন।

আজ শুক্রবার (৪ এপ্রিল) থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে ষষ্ঠ বিমসটেক সম্মেলনের সাইডলাইনে বাংলাদেশ ও ভারতের দুই রাষ্ট্রপ্রধানের মধ্যে বৈঠক হয়।

প্রধান-উপদেষ্টা মুহাম্মদ-ইউনূস বাংলাদেশ নরেন্দ্র-মোদি ভারত থাইল্যান্ড শেখ-হাসিনা,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:59

URL: https://timestodaybd.com/national/775807286